একাত্তর লাইভ.কম
Ekattor Live.com

05:14:25 AM

মঙ্গলবার, ১২ মে ২০২০

প্রধান প্রকৌশলীর মহতী উদ্যোগ: করোনা প্রতিরোধে নিরলস কাজ করছে গণপূর্তের প্রকৌশলীরা

May 12, 2020

নিজস্ব প্রতিবেদক : পৃথিবীজুড়ে মহামারি আকারে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে বাংলাদেশের মতো ঘনবসতিপূর্ণ দেশের জন্য এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো কোয়ারেন্টাইন ও আইসোলেশনের ব্যবস্থা করা।

এ সমস্যা সমাধানে এগিয়ে এসেছেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান গণপূর্ত অধিদফতরের সকল প্রকৌশল বিভাগের কর্মকর্তা কর্মচারিগণ ।

তাদের প্রকৌশলী জ্ঞান ও শ্রম কে কাজে লাগিয়ে অভিনব পদ্ধতিতে ডিজাইন কোয়ারেন্টাইন ব্যবস্থা করছে মাঠ পর্যায় থেকে সেবা প্রদানের লক্ষে । রাজধানীসহ সারাদেশের সব জেলায় স্বাস্থ্য সংশ্লিষ্ট সকল অবকাঠামো তৈরী অস্থায়ী ল্যাব হাসপাতাল নির্মাণ রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন করছেন তারা।

ইতোমধ্যে আশকোনার হজ্ব ক্যাম্প কোয়ারেন্টাইনের উপযোগী করা, ১৯টি হাসপাতালে পিসিআর ল্যাবরেটরির অবকাঠামো নির্মাণ, ৪৮টি হাসপাতালে ১০০০র শয্যার আইসোলেশন ইউনিট নির্মাণ, ৯টি হাসপাতালে ৯০০ শয্যার কোয়ারেন্টাইন সেন্টার স্থাপন, ১২টি হাসপাতালে ৪০০ শয্যার করোনা ইউনিট স্থাপন, আইইডিসিআর এর নতুন ১০ তলা ভবনের নীচতলায় স্যাম্পল কালেকশন কক্ষ ও ক্যান্টিন এবং ডিউটি ডাক্তারদের থাকার জন্য আবাসনের ব্যবস্থা, কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালের তিনটি কক্ষকে আধুনিকায়ন এর মাধ্যমে ২৯ শয্যার আইসিইউ নির্মাণ এবং করোনা রোগীদের ব্যবহার সামগ্রী পোড়ানোর জন্য ইনসিনারেটর নির্মাণ, মুগদা জেনারেল হাসপাতালে ১৮০ শয্যার আইসোলেশন ওয়ার্ড এবং ১০ শয্যার আইসিইউ নির্মাণ করা হয়েছে।

গণপূর্তের প্রকৌশলীরা জানান, কোভিড-১৯ আক্রান্ত রোগীদের চিকিৎসায় হাসপাতালগুলোতে পিসিআর ল্যাবরেটরির অবকাঠামো নির্মাণ, আইসোলেশন ইউনিট, কোয়ারেন্টাইন সেন্টার, করোনা ইউনিট স্থাপন ছাড়াও এসব স্থাপনাগুলোতে নিরবিচ্ছিন্ন পানি ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণসহ জীবাণুনাশক ছিটানোর কাজটিও নিয়মিত করা হচ্ছে। ইতিমধ্যে ঢাকা,নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, সিলেট, রংপুর, রাজশাহী, বগুড়া, খুলনা মেডিকেলসহ ১৯টি হাসপাতালে পিসিআর ল্যাবরেটরির অবকাঠামো নির্মাণ করা হয়েছে।কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতাল,নারায়ণগঞ্জ খানপুরের ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, চট্টগ্রাম জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ জেলা হাসপাতাল, কুড়িগ্রাম জেলা হাসপাতাল, রাজশাহী মেডিকেল কলেজসহ ৪৮টি হাসপাতালে ১০০০'র শয্যার আইসোলেশন ইউনিট নির্মাণ করা হয়েছে।

প্রকৌশলীরা আরো জানান, নারায়ণগঞ্জ খানপুরের ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুন্সিগঞ্জ জেলা হাসপাতাল, নরসিংদী জেলা সদর হাসপাতাল, টাঙ্গাইলের ট্রমা সেন্টারসহ জেলা হাসপাতালগুলোর মধ্যে ৯টি হাসপাতালে ৯৫০ শয্যার কোয়ারেন্টাইন সেন্টার, ১২ টি হাসপাতালে ৪০০ শয্যার করোনা ইউনিট স্থাপনসহ বিভিন্ন হাসপাতালে আইসিইউ বেড বসানো হয়েছে ।এছাড়া চীনের উহান থেকে ফিরিয়ে আনা শিক্ষার্থীদের জন্য আশকোনার হজ্ব ক্যাম্প কোয়ারেন্টাইনের উপযোগী করে সেনাবাহিনীর কাছে হস্তান্তর করে সংস্থাটি।

এসব বিষয়ে গণপূর্তের প্রধান প্রকৌশলী মো. আশরাফুল আলমের মোবাইলে যোগাযোগ করা হলে তিনি বলেন , 'দেশের এ দুর্যোগকালীন সময়ে রাজধানীসহ সারাদেশে গণপূর্তের প্রকৌশলীরা করোনা মোকাবেলায় কাজ করে যাচ্ছেন।সংস্থার পক্ষ থেকে সুরক্ষা পোশাক নিয়ে তারা হাসপাতালগুলোতে নিয়মিত কারিগরি সহায়তা দিয়ে যাচ্ছে গণপূর্ত অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে এই কাজে সব শক্তি দিয়ে সহায়তা করতে ইতিমধ্যে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নির্দেশ প্রধান করেন তিনি এছাড়া ও মহামারি করোনার প্রাদুর্ভাবের মধ্যে দেশের হতদরিদ্র মানুষের সাহায্যে ও ভাইরাসে আক্রান্ত রোগী ও তাদের স্বজনদের পাশে এসে দাঁড়িয়েছেন প্রকৌশলীরা।

তার মানবিক আহ্বানে সাড়া দিয়ে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দেয়ার জন্য প্রতিষ্ঠানটির অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীগন তাদের বৈশাখী ভাতার অর্ধেক (৫০ শতাংশ) মানবতার সেবায় দান করেছেন।

তিনি আর জানান বিশ্বব্যাপী প্রাণঘাতী করোনায় প্রতিরোধে প্রকৌশলীদের এই সময়োপযোগী প্রচেষ্টায় ও পরিস্থিতি মোকাবেলায় রাজধানীসহ সারাদেশের হাসপাতালগুলোতে জীবনের ঝুঁকি নিয়ে চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীর যেমন কাজ করছেন।পাশাপাশি গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে ঐতিহ্যবাহী গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলীরা চ্যালেঞ্জ নিয়ে কাজ করে যাচ্ছেন ।তিনি সার্বক্ষনিক তাদের খোজ খবর রাখছেন ।তিনি নিরলসভাবে কাজ করার জন্য সকল কে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

ফেসবুকে শেয়ার করুন

আরও খবরঃ-

- স্বামী-সন্তান ফেলে পরকীয়া প্রেমিকের বাড়িতে অন্তঃসত্ত্বা নারী
- মেয়েকে খুন করে থানায় নিখোঁজ ডায়েরি করল বাবা
- চলতি মাসেই এসএসসি পরীক্ষার ফল
- মৃত্যু আরও ১১, একদিনে করোনা আক্রান্ত হাজার ছাড়ালো
- ইউপি গ্রামপুলিশদের জন্য ৬ কোটি টাকার বিশেষ অনুদান
- করোনা হাসপাতালে ২০০০ চিকিৎসক যোগ দিচ্ছেন
- ভারতে প্রতিদিন ৪ হাজার আক্রান্ত
- অসহায় মানুষের মুখে হাসি ফুটাতে বাপিডিপ্রকৌসের উদ্যোগে
- ২ এমপি-ডিসি-এসপি ও আ.লীগ সভাপতি কোয়ারেন্টাইনে
- পোশাক শ্রমিকদের ঢাকায় প্রবেশে আইডি কার্ড

সম্পাদক ও প্রকাশকঃ এমরান হোসেন বিদ্যুৎ
৪৬/৯ কে বি সাহা রোড আমলাপাড়া নারায়ণগঞ্জ
ইমেইলঃ ekattorlive@gmail.com
মোবাইলঃ ০১৯১৫০৫৩১৮৮
Copyright © 2016. ekattorlive.com

Developed by **ICT CAREER**